



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও উন্নয়ন
www.bcc.gov.bd
আগারগাঁও, ঢাকা (জনপ্রশাসন পদক প্রাপ্ত একটি
প্রতিষ্ঠান)

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৫১

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

**বিষয়: জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)'-এর আঞ্চলিক প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ
নিশ্চিতকল্পে প্রচার-প্রচারণা ও রেজিস্ট্রেশন কার্যক্রম প্রসঙ্গে।**

মহোদয়,

যথাযথ সম্মান পদর্শনপূর্বক নিবেদন এই যে, অন্যান্য বছরের ন্যায় এ বছরও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক হাইস্কুল, মাদ্রাসা, পলিটেকনিক্যাল ইনস্টিটিউট ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)' আয়োজন করা হয়েছে।

২। উক্ত প্রতিযোগিতার আওতায় দেশব্যাপী আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা আগামী **১৬ মে ২০২৬** তারিখে অনুষ্ঠিত হবে। আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য নির্ধারিত ওয়েবসাইট: <https://nhspc.bcc.gov.bd/> এবং রেজিস্ট্রেশনের সর্বশেষ সময় **০২ মে ২০২৬ তারিখ রাত ১২:০০ ঘটিকা**।

৩। এমতাবস্থায়, আপনার অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত প্রতিযোগিতা বিষয়ে প্রয়োজনীয় প্রচার-প্রচারণা চালানো এবং শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। নির্দেশিকা ০১ (এক) পাতা।

সংযুক্তি:

(১) NHSPC 2026

২৮-০৪-২০২৬
এ. টি. এম. জিয়াউল ইসলাম
নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) ঢাকা।।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ২। পিএ টু পরিচালক, মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৫১/১ (২)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



A handwritten signature in black ink, appearing to be 'জফরুল আলম খান'.

২৮-০৪-২০২৬

মোঃ জফরুল আলম খান
পরিচালক